

৮নং শেখর ইউনিয়ন পরিষদ

অফিস : শেখর, ডাকঘরঃ শেখর,
উপজেলাঃ বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং- শে,ইউপি/বোয়াল/ফরিদ/২০২৩- ৪৮

তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ

শেখর ইউনিয়ন পরিষদের আইন-শৃংখলা সভার কার্যবিবরণী

সভাপতি : কামাল আহমেদ
চেয়ারম্যান, ০৮নং শেখর ইউপি,
বোয়ালমারী, ফরিদপুর।

সভার তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ,
সভার স্থান : শেখর ইউনিয়ন পরিষদ কার্যালয়,
বোয়ালমারী, ফরিদপুর।

সময় : ১০.০০ ঘটিকায়

উপস্থিত সদস্য গণের নামের তালিকা নিম্নরূপঃ (স্বাক্ষরিত)

ক্রঃনং	কমিটির সদস্যগণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	কামাল আহমেদ	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	মোছাঃ আফরোজা আক্তার (লিমা)	মহিলা সরঃ ওয়ার্ড ০১	সদস্য	স্বাক্ষরিত
০৩	কাজী সালমা শাহিন বিলাশী	মহিলা সরঃ ওয়ার্ড ০২	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোসাঃ মোমেনা বেগম	মহিলা সরঃ ওয়ার্ড ০৩	সদস্য	স্বাক্ষরিত
০৫	মোঃ মহাসিন শেখ	সদস্য সাঃ ওয়ার্ড ০১	সদস্য	স্বাক্ষরিত
০৬	শেখ সোরাপ হোসেন	সদস্য সাঃ ওয়ার্ড ০২	সদস্য	স্বাক্ষরিত
০৭	মোঃ মোস্তফা শরীফ	সদস্য সাঃ ওয়ার্ড ০৩	সদস্য	স্বাক্ষরিত
০৮	মোঃ বরকত মোল্যা	সদস্য সাঃ ওয়ার্ড ০৪	সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃ রেজাউল শেখ	সদস্য সাঃ ওয়ার্ড ০৫	সদস্য	স্বাক্ষরিত
১০	আবু সাইদ মোল্যা (পান্নু)	সদস্য সাঃ ওয়ার্ড ০৬	সদস্য	স্বাক্ষরিত
১১	মোঃ শফিক সরদার	সদস্য সাঃ ওয়ার্ড ০৭	সদস্য	স্বাক্ষরিত
১২	মোঃ ওসমান সরদার	সদস্য সাঃ ওয়ার্ড ০৮	সদস্য	স্বাক্ষরিত
১৩	মোঃ ইয়াছিন মোল্যা	সদস্য সাঃ ওয়ার্ড ০৯	সদস্য	স্বাক্ষরিত
১৪	নির্বান সরকার	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচীসমূহঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. শেখর ইউনিয়নের জুন/২০২৩ মাসের আইন শৃংখলা সংক্রান্ত আলোচনা প্রসঙ্গে।
৩. পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে নিরাপত্তা জোরদার প্রসঙ্গ।
৪. বিবিধ।

আলোচ্য সূচীঃ ১) অদ্যকার সভার শুরুতে উপস্থিত সকলকে জানিয়ে সভাপতি মহোদয় জনাব কামাল আহমেদ সভার কাজ আরম্ভ করেন।
বিগত সভায় কার্যবিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ ২) অদ্যকার সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, শেখর ইউনিয়নের জুন/২০২৩ মাসের আইন শৃংখলা অবস্থা ভালো,
বিছিন্ন কিছু ঘটনা ছাড়া ইউনিয়নের সার্বিক অবস্থা সন্তোষ জনক, এছাড়া সারা দেশের ন্যায় যাতে করে এলাকার যুব সমাজ যেন মাদকে আসক্ত
না হতে পারে সেই জন্য জোর তদারকি করা হয়, ইতিমধ্যে এর সুফল পাওয়া যাচ্ছে এবং এ ব্যাপারে আরো কঠোর নজরদারি বাড়াতে হবে।
এ ব্যাপারে উপস্থিত সদস্যগণের মতামত প্রদানের অনুরোধ করেন।

৮নং শেখর ইউনিয়ন পরিষদ

অফিস : শেখর, ডাকঘরঃ শেখর,
উপজেলাঃ বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং- শে,ইউপি/বোয়াল/ফরিদ/২০২৩- ৪৮

তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ

আলোচ্য সূচি : ৩) সভাপতি সাহেব উপস্থিত সবাইকে অবগত করান যে, দেশে অরাজকতা সৃষ্টির লক্ষ্যে কোন দল বা ব্যক্তি কোন প্রকার চুরি বা সহিংসতা সৃষ্টি না হয় সে লক্ষ্যে সবাইকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং বহিরাগতদের প্রতি বিশেষ নজরদারী রাখতে হবে।

অত্র ইউপির ০৭ নং ওয়ার্ডের সদস্য জনাব শফিক সরদার সভাকে অভিহিত করেন যে, পবিত্র ঈদ উল আযহাকে সামনে রেখে ঈদুল আযহার পবিত্রতা রক্ষার্থে গ্রাম, পাড়া বা মহল্লায় আইন শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে থানার সহযোগিতায় গ্রাম পুলিশদের গ্রামে গ্রামে রাতে পাহারা বাড়ানো প্রয়োজন এবং এলাকায় কোন বহিরাগত অবস্থান করলে সাথে সাথে থানাকে অবহিত করতে হবে। তিনি আরও বলেন যে, যেহেতু সামনে পবিত্র ঈদুল আযহা তাই গ্রামের সবাইকে সজাগ দৃষ্টি রাখতে হবে যেন গরু চুরি সংক্রান্ত কোন ঘটনা না ঘটে। এছাড়া ঈদের নামাজ জামাতের সাথে আদায়ের জন্য শান্তি ও সুশৃঙ্খলাভাবে করার জন্য সবাইকে উদাত্ত আহবান করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যগণ একমত পোষন করেন।

অতঃপর সভায় অন্য কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভা সমাপ্ত ঘোষণা করেন।



(কামাল আহমেদ)

চেয়ারম্যান

৮নং শেখর ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং শে,ইউপি/বোয়াল/ফরিদ/২০২৩-

তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হল।

১. উপজেলা নির্বাহী অফিসার,
বোয়ালমারী, ফরিদপুর।
২. অফিসার ইনচার্জ
বোয়ালমারী থানা, ফরিদপুর।
৩. অফিস কপি।



(কামাল আহমেদ)

চেয়ারম্যান

৮নং শেখর ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।